গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৬৫.২৬. ২২০

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩ / ৩১ আগস্ট ২০২৬

বিষয়: জনাব মোঃ শরিফুল ইসলাম, কুক (বাবুর্চি), সরকারি শিশু পরিবার (বালক), কুড়িগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নম্বর ২৫/২০২৬ তারিখ ৩১/০৮/২০২৬)।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ শরিফুল ইসলাম, কুক (বাবুর্চি), সরকারি শিশু পরিবার (বালক), কুড়িগ্রামে ২০/০৮/২০২৩ খ্রি. যোগদান করেন। আপনি যোগদান করার পর থেকে বিনা অনুমতিতে ২৭/০৮/২০২৩ হতে ৩১/০৮/২০২৩ তারিখ পর্যন্ত ০৪ দিন; ১৯/০৯/২০২৩ হতে ২৪/০৯/২০২৩ তারিখ পর্যন্ত ০৬ দিন; ২৮/০৯/২০২৩ হতে ৩১/১০/২০২৩ তারিখ পর্যন্ত ০১(এক) মাস ০৪ দিন; ০৫/১২/২০২৩ হতে ০৬/১২/২০২৩ তারিখ পর্যন্ত ০২ দিন; ১৮/১২/২০২৩ হতে ১৯/১২/২০২৩ তারিখ পর্যন্ত ০২ দিন; ২৯/১২/২০২৩ হতে ৩১/১২/২০২৩ তারিখ পর্যন্ত ০৩ দিন; ০৫/০১/২০২৪ হতে ০২/০৬/২০২৪ তারিখ পর্যন্ত ২৯ দিন; ১২/০৬/২০২৪ হতে ২৬/০৮/২০২৫ তারিখ পর্যন্ত ০১ বছর ০২ মাস ১৪ দিন এবং ০৮/০৯/২০২৫ হতে ১১/০৯/২০২৫ তারিখ পর্যন্ত ০৪ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকেন। এছাড়া আপনি সর্বশেষ ২১/০৯/২০২৫ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং আপনাকে বিভিন্ন সময় সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক বারবার কৈফিয়ত তলব করা হলেও আপনি কোন প্রকার জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে উল্লিখিত অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর ০৬/০৮/২০২৬ তারিখ ৪১.২৭.৮৫০০.০০০.২৭.০৪১.২৬.৬৯৩/১(৪) সংখ্যক স্মারকপত্র মূলে অনুরোধ করেন;

যেহেতু, আপনার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ শরিফুল ইসলাম কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

৩১.০৮.২০২৬
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোঃ শরিফুল ইসলাম
কুক (বাবুর্চি)
সরকারি শিশু পরিবার (বালক), কুড়িগ্রাম।
স্থায়ী ঠিকানা: জনাব মোঃ শরিফুল ইসলাম, পিতা: মৃত বাদশা মিয়া, গ্রাম: মধ্য ফলিয়া, ডাকঘর+উপজেলা+জেলা: গাইবান্ধা।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৬৫.২৬. ২২০ (১২)

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩
৩১ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।

৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুড়িগ্রাম।

৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোসহ)।

৮. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুড়িগ্রাম।

৯. উপ-তত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), কুড়িগ্রাম।

31.08.26

(শেখ খলিল আল রশিদ)
উপপরিচালক
শৃঙ্খলা-তদন্ত, আইন-বিধি শাখা

অভিযোগ বিবরণী

জনাব মোঃ শরিফুল ইসলাম, কুক (বাবুর্চি), সরকারি শিশু পরিবার (বালক), কুড়িগ্রামে ২০/০৮/২০২৩ খ্রি. যোগদান করেন। তিনি যোগদান করার পর থেকে বিনা অনুমতিতে ২৭/০৮/২০২৩ হতে ৩১/০৮/২০২৩ তারিখ পর্যন্ত ০৪ দিন; ১৯/০৯/২০২৩ হতে ২৪/০৯/২০২৩ তারিখ পর্যন্ত ০৬ দিন; ২৮/০৯/২০২৩ হতে ৩১/১০/২০২৩ তারিখ পর্যন্ত ০১(এক) মাস ০৪ দিন; ০৫/১২/২০২৩ হতে ০৬/১২/২০২৩ তারিখ পর্যন্ত ০২ দিন; ১৮/১২/২০২৩ হতে ১৯/১২/২০২৩ তারিখ পর্যন্ত ০২ দিন; ২৯/১২/২০২৩ হতে ৩১/১২/২০২৩ তারিখ পর্যন্ত ০৩ দিন; ০৫/০১/২০২৪ হতে ০২/০৬/২০২৪ তারিখ পর্যন্ত ২৯ দিন; ১২/০৬/২০২৪ হতে ২৬/০৮/২০২৫ তারিখ পর্যন্ত ০১ বছর ০২ মাস ১৪ দিন এবং ০৮/০৯/২০২৫ হতে ১১/০৯/২০২৫ তারিখ পর্যন্ত ০৪ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকেন। এছাড়া তিনি সর্বশেষ ২১/০৯/২০২৫ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং তাকে বিভিন্ন সময় সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক বারবার কৈফিয়ত তলব করা হলেও তিনি কোন প্রকার জবাব প্রদান করেননি।

তার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

পরিচালক (প্রশাসন ও অর্থ)